

# দৈনিক আজাদী

১৬ মার্চ রোববার ২০১৪ খ্রি. ২ চৈত্র ১৪২০ সাল

রোববার

১৬ মার্চ ২০১৪



ইউআইটিএসের সমাবর্তনে মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদকে ক্রেস্ট উপহার দিচ্ছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ -গিআইডি

## ঢাকায় ইউআইটিএসের সমাবর্তন মুসলিম বিশ্ব রক্ষায় বিজ্ঞানে সমৃদ্ধ হতে হবে : মাহাথির

বিদেশি শক্তিগুলোর কবল থেকে নিজেদের রক্ষায় মুসলিম বিশ্বকে বিজ্ঞান ও প্রযুক্তিমূলক শিক্ষায় সমৃদ্ধ হওয়ার ওপর জোর দিয়েছেন মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী মাহাথির বিন মুহাম্মদ। খবর বিডিনিউজের।

তিনি বলেছেন, 'আমাদের (মুসলিম বিশ্ব) বিশ্ব জয় করার আকাঙ্ক্ষা নেই। কিন্তু নিজেদের ও ধর্ম রক্ষার অধিকার আছে। মুসলমানরা তাদের রাষ্ট্র থেকে অ-মুসলিম রাষ্ট্রে চলে যাচ্ছে। কেন এমন হচ্ছে? কারণ উন্নত মুসলিম সমাজ গড়তে যে জ্ঞান প্রয়োজন সেটা থেকে আমরা পিছিয়ে আছি'। 'যুদ্ধের ঘোড়া, তরবারি এবং তীর-ধনুক দিয়ে নিজেদের এখন রক্ষা করা যাবে না। আমাদের দরকার যুদ্ধ জাহাজ, রকেট, সাবমেরিন যোগ্যের জন্য দরকার প্রযুক্তি ও বিজ্ঞানভিত্তিক জ্ঞান। জ্ঞানের এই শাখাগুলো অবহেলার কারণে মুসলিম বিশ্বকে রক্ষায় এসব অস্ত্র আমরা তৈরি করতে পারছি না'।

গতকাল শনিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেসের (ইউআইটিএস) সমাবর্তনে এসব কথা বলেন তিনি। মাহাথির বলেন, 'আজ মুসলমানরা এবং মুসলিম দেশগুলো ভয়াবহ পরিস্থিতির মধ্যে আছে। বিদেশি শক্তি এসব দেশগুলো দখল করে আছে। দেশগুলোর সাধারণ মানুষ হত্যা এবং নির্যাতনের শিকার হচ্ছে। এই পরিস্থিতিতে উদ্দিগ্ন হওয়া ছাড়া কিছুই করার নেই মন্তব্য করে তিনি বলেন, মুসলিম রাষ্ট্র বলে দাবিদার ৫০টিরও বেশি রাষ্ট্রের কোনো একটিও উন্নত নয়। তারা সকলেই অন্যের ওপর নির্ভরশীল। ১০ম পৃষ্ঠার ১ম কলাম

## মুসলিম বিশ্ব রক্ষায় বিজ্ঞানে

১২ পৃষ্ঠার পর

এমনকি তাদের প্রতিরক্ষা যাদের ওপর নির্ভরশীল তারা সবসময় আমাদের সঙ্গে বন্ধুত্বপূর্ণ আচরণ করে না'। আধুনিক মালয়েশিয়ার রূপকার হিসেবে খ্যাত মাহাথির বলেন, 'নিজেদের ও ধর্ম রক্ষার সামর্থ্য নেই বলেই মুসলিম রাষ্ট্রগুলো বিদেশি শক্তির ওপর নির্ভরশীল। কারণ তাদের বৈজ্ঞানিক জ্ঞান নেই। এখন আমরা জানি যে, কোরআন আমাদেরকে ধর্ম এবং নিজেদের রক্ষার ওপর গুরুত্ব দিয়েছে। আমাদেরকে ধর্ম সম্পর্কে জানতে হবে। কিন্তু শুধুমাত্র ধর্মীয় শিক্ষার ওপর গুরুত্ব দিলে চলবে না। আমাদের পড়াতে বলা হয়েছে। কিন্তু পড়ার ক্ষেত্রে সীমাবদ্ধ করা হয়নি'। তিনি আরো বলেন, 'আমাদের নিজেদের অস্ত্র নিজেরা তৈরি করতে পারি না, আমাদের সেই যোগ্যতা নেই। কারণ আমাদের বিজ্ঞান শিক্ষার অভাব রয়েছে। বিজ্ঞানের সকল শাখার জ্ঞান আহরণ আমাদের প্রয়োজন'। সমাবর্তনে গ্রাজুয়েটদের মুসলিম বিশ্বের প্রতি নিজেদের দায়িত্ব পালনের আহ্বান জানান মাহাথির। সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদ, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান সফী মোহাম্মদ মিজানুর রহমানও বক্তব্য দেন। রাষ্ট্রপতি অসাংস্কারিক শিক্ষার ওপর জোর দিয়ে বলেন, 'হাজার দুয়ারী আলোকিত রাজ্যে প্রবেশের মাধ্যম হোক শিক্ষা। কুসংস্কার আর অন্ধকার কুপনগুণ্ডায় আবিষ্ট বন্ধঘরের খোলা জানালাটি হোক শিক্ষা। যা কিছু সংকীর্ণ, শিক্ষা আমাদের শেখাবে তা পরিহার করতে। যা কিছু সাম্প্রদায়িক শিক্ষা তা বিকার বলে সবার কাছে প্রতিভাত করবে'।